## ডিসেম্বর ২০১৭ মাসে অনুষ্ঠিত দূর্গাপুর উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ আনোয়ার সাদাত<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দূর্গাপুর, রাজশাহী । | সভার তারিখ<br>সময়<br>স্থান | ঃ<br>ঃ<br>ঃ | ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ<br>বেলা ১১.৪৫ টা<br>উপজেলা পরিষদ সভা কক্ষ |

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য(স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা' দৃঢ়করণ করা হয়। অতঃপর দূর্গাপুর উপজেলার চোরাচালান প্রতিরোধ সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **সীমান্ত পরিস্থিতি ও চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আলোচনা ঃ**<br><br>সভাপতি আলোচনার শুরুতে মাদকের ভয়াবহতা সম্পর্কে বলেন মাদকের খারাপ দিকটি রাষ্ট্রে, সমাজে এমনকি পরিবারেও প্রভাব বিস্তার করছে। তাই মাদক চোরাকারবারী/ ব্যবহারকারী যেই হন না কেন তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। অতঃপর সভাপতি চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম ও অভিযান সম্পর্কে অফিসার ইনচার্জ দূর্গাপুর থানার দৃষ্টি আকর্ষণ করলে,<br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন,** মানুষ একবার মাদকাসক্ত হয়ে গেলে তাকে মাদক হতে মুক্ত ও সংস্কার করা খুবই কঠিন হয়ে পড়ে। তাই পারিবারিক ও সামাজিকভাবে মাদককে প্রতিহত করার সর্বাত্মক চেষ্টা চালাতে হবে।<br><br># **অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা বলেন** যে, নভেম্বর/২০১৭মাসে দূর্গাপুর থানায় মাদকদ্রব্যের ০১টি মামলা হলেও চোরাচালান সংক্রান্ত কোন মামলা নেই। তিনি বলেন, বর্তমান প্রেক্ষাপটে মানুষ বিভিন্ন কৌশল অবলম্বন করে মাদক পাচার ও সেবন কাজে নিয়োজিত আছে, এ জন্য মাদকমুক্ত সমাজ গড়তে পুলিশ ও সরকারি সংস্থার পাশাপাশি সর্বস্তরের জনগণকে সতর্ক থেকে প্রশাসনকে সহযোগিতার আহবান জানান।<br><br># চেয়ারম্যান নওপাড়া জানান, তার ইউনিয়নের বিভিন্ন মোড়ে-মোড়ে/এলাকায় গাঁজাসেবী ও ব্যবসায়ী বিচরণ করে। উক্ত স্থানে অভিযান পরিচালনার জন্য তিনি প্রশাসনকে অনুরোধ করেন।<br># উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জানান, মাদকসেবীদের কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনেক সময় অস্বাভাবিক হয়ে উঠে। তাই মাদককে নিয়ন্ত্রণ করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যহত রাখতে প্রশাসনকে অনুরোধ জানান। | বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে মাদকসেবী ও ব্যবসায়ীদের তালিকা গোপন সংবাদ এবং সোর্সের মাধ্যমে তৈরী করে প্রশাসনের নিকট জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং চোরাচালানসহ বর্তমান পরিস্থিতিতে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সতর্ক দৃষ্টি রাখার জন্য এবং পুলিশের পাশাপাশি জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী<br>২) অফিসার ইন চার্জ, দূর্গাপুর থানা, রাজশাহী<br><br>৩) পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,দূর্গাপুর রাজশাহী<br>৪) চেয়ারম্যান, সকল ইউপি, দূর্গাপুর, রাজশাহী |
| ০২ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম সংক্রান্ত আলোচনা ঃ**<br>সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস প্রতিনিধির নিকট তাদের কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে তারা জানান যে, নভেম্বর ২০১৭ মাসে দূর্গাপুর থানার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে মাদক সংক্রান্ত কোন মালামাল পাওয়া যায়নি। দূর্গাপুর উপজেলার পরিবেশ এখন সন্তোষজনক। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধিকে অভিযান পরিকল্পনার উদ্যোগ নিয়ে উপজেলা প্রশাসনকে অবহিত করে মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান করার | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা |

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩ | **টাস্কফোর্স অভিযান পরিচালনা প্রসঙ্গে ঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, মাদকসেবী ও ব্যবসায়ীদের নিয়ন্ত্রনে টাস্কফোর্স অভিযান পরিচালনা করা খুবই জরুরী। তিনি বলেন, গত নভেম্বর মাসে ০১টি টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হয়েছে। পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয় করে উদ্যোগী পদক্ষেপ নিতে হবে। সভাপতি বলেন, এ বিষয়ে উপজেলা প্রশাসন সার্বিক সহযোগিতা করবে। টাস্কফোর্স অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ,দূর্গাপুর থানা সভাপতিকে স্বাগত জানান এবং সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভাপতি চোরাচালান, মাদক ও ইয়াবা ব্যবহার প্রতিরোধে দূর্গাপুর সংশ্লিষ্ট এলাকাসমূহে প্রতিমাসে ০২টি করে ঝটিকা টাস্কফোর্স অভিযান পরিচালনার জন্য পুলিশের সাথে গ্রাম পুলিশ ও আনসার ভিডিপিকেও প্রস্তুত থাকার আহবান জানালে উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, টাস্কফোর্স অভিযান পরিচালনায় সহায়তার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার ভিডিপি সদস্যকে প্রস্তুত রাখা হয়েছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নওপাড়া এলাকায় এবং জয়নগর ইউপির বিভিন্ন স্থানে টাস্কফোর্স অভিযান পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর/ অফিসার,ইনচার্জ, দূর্গাপুর থানা/ সংশ্লিষ্ট ইউ,পির গ্রাম পুলিশ ও আনসার ভিডিপি সদস্য |
| ০৫ | **ইউনিয়ন চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা সংক্রান্ত ঃ** চেয়ারম্যান, নওপাড়া ইউপি জানান যে,তাদের ইউনিয়নে মাদকসেবন ও বিক্রয়ের ব্যাপক অভিযোগ রয়েছে। এ বিষয়ে অনেক আলোচনার প্রেক্ষিতে কিছু অগ্রগতি পাওয়া গেছে। তিনি তৃণমূল পর্যায়ে ওয়ার্ড কমিটির মাধ্যমে চোরাচালান প্রতিরোধের বিষয়ে গুরত্ব আরোপ করেন। সভাপতি দূর্গাপুর উপজেলার মধ্যে জয়নগর ও ঝালুকা ইউপিতে চোরাকারবারী ব্যবসা চলে বলে চিহ্নিত করে তিনি চোরাচালান প্রতিরোধে চেয়ারম্যান, জয়নগর ও ঝালুকা ইউপিকে উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার অনুরোধ জানান। তিনি জয়নগর ও ঝালুকা ইউনিয়ন পরিষদের ইউপি চেয়ারম্যানসহ সকল ইউপিকে নিয়মিত ইউনিয়ন চোরচালান প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী পাঠানোর জন্য অনুরোধ করেন। এছাড়া সকল ইউপি চেয়ারম্যানগণকে উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভায় নিয়মিত উপস্থিত থেকে তথ্য প্রদানে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান করে তার কার্যবিবরণী নিয়মিত এ অফিসে প্রেরণ এবং উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভায় উপস্থিত থাকতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, সকল ইউপি, দূর্গাপুর, রাজশাহী। |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ার সাদাত )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটি
দূর্গাপুর, রাজশাহী।